

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭৩

পানিসাগর, ২২ নভেম্বর, ২০২৩

প্রতিঘরে শুশাসন ২.০ অভিযান পানিসাগরে প্রস্তুতি সভা

পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে প্রতি ঘরে শুশাসন ২.০ অভিযান ও বিকশিত ভারত সংকল্প যাত্রা আয়োজন নিয়ে গতকাল পানিসাগর মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পপ্থগ্রামে সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস, পানিসাগর ব্লকের বিডিও নবৰত দত্ত, দামছড়া ব্লকের বিডিও ডেভিড হালাম সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভার শুরুতে পানিসাগর মহকুমা শাসক সুভাষ আচার্য প্রতি ঘরে শুশাসন ২.০ অভিযান এবং বিকশিত ভারত সংকল্প যাত্রার বিভিন্ন দিকগুলি নিয়ে আলোচনা করেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ২৮ নভেম্বর থেকে ৪ জানুয়ারী পর্যন্ত পানিসাগর নগর পপ্থগ্রামে ওয়ার্ডভিত্তিক, আগামী ২৯ নভেম্বর থেকে ১৯ ডিসেম্বর পর্যন্ত পানিসাগর ব্লকে গ্রামপপ্থগ্রামে তত্ত্বিক এবং ২৩ নভেম্বর থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত দামছড়া ব্লকে ভিলেজভিত্তিক শুশাসন শিবির অনুষ্ঠিত হবে। সভায় মহকুমা শাসক সুভাষ আচার্য শুশাসন শিবিরগুলিতে সরকারী বিভিন্ন প্রকল্প ও পরিয়েবাগুলি জনগণের কাছে সঠিকভাবে পৌছে দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।
